# ২০২৫

# বাংলা — এম. ডি. সি.

## চতুর্থ সেমেস্টার

## পত্র : CC-5

## [প্রাগাধুনিক বাংলা সাহিত্য - ১]

## পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) পূর্বরাগ কাকে বলে? পূর্বরাগের শ্রেষ্ঠ পদকর্তা কে? তোমার পঠিত একটি পূর্বরাগের পদের কাব্যসৌন্দর্য্য আলোচনা করো। ২+১+১২

*অথবা*

(খ) অভিসার কাকে বলে? অভিসার পদের শ্রেষ্ঠ পদকর্তা কে? তোমার পঠিত একটি পদ অবলম্বনে তাঁর কৃতিত্ব বিচার করো। ২+১+১২

২। (ক) চণ্ডীমঙ্গল কাব্যের প্রথম খণ্ড অবলম্বনে সমকালীন বাস্তবতার পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) "ভাঁড়ু দত্ত চরিত্রটি সে যুগে কেন বর্তমান যুগেও সমভাবে মানানসই।"— আলোচনা করো। ১৫

৩। (ক) শাক্ত পদাবলীর 'আগমনী-বিজয়া'র পদে বাঙালির ঘরের কথা উপস্থাপিত হয়েছে।— আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) ভক্তের আকুতি পর্যায়ের পদ রচনায় রামপ্রসাদ সেনের কৃতিত্ব আলোচনা করো। ১৫

৪। (ক) 'দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে'— কোন পর্যায়ের পদ? পদকর্তার নাম উল্লেখ করো। সংক্ষেপে পদটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

*অথবা*

(খ) 'ঘরের বাহিরে দণ্ডে শতবার'— কোন পর্যায়ের পদ? পদকর্তার নাম উল্লেখ করো। পদটির ভাববস্তু বিশ্লেষণ করো। ১+১+৩

৫। টীকা লেখো—

(ক) ফুল্লরার বারোমাস্যা। ৫

*অথবা*

(খ) কালকেতুর ভোজন। ৫

৬। (ক) 'ওরে নবমী নিশি না হইও রে অবসান'— এটি কোন পর্যায়ের পদ? পদকর্তার নাম উল্লেখ করো। কেন নবমী নিশিকে এমন অনুরোধ করা হচ্ছে বুঝিয়ে দাও। ১+১+৩

*অথবা*

(খ) 'ওহে হর গঙ্গাধর, কর অঙ্গীকার'— 'গঙ্গাধর' কে? কে, তাঁকে কী 'অঙ্গীকার' করতে বলেছেন? ১+১+৩

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) একটি গৌরচন্দ্রিকা পর্যায়ের পদের প্রথম পঙ্‌ক্তি লেখো।

(খ) 'রূপানুরাগ' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?

(গ) 'অঙ্কুর তপন তাপে যদি জারব'।— 'জারব' শব্দের অর্থ লেখো।

(ঘ) 'কন্টক গাড়ি কমলসম পদতল'।— কোন পর্যায়ের পদ?

(ঙ) কাকে 'মৈথিলী কোকিল' বলা হয়ে থাকে?

(চ) 'গোধিকা হইয়া আমি কৈনু কোন কাজ'।— 'গোধিকা' শব্দের অর্থ লেখো।

(ছ) 'বুলান মণ্ডল' চরিত্রটির উল্লেখ কোন কাব্যে আছে?

(জ) 'পিপীড়ার পাখা ওঠে মরিবার তরে'— কে, কাকে বলেছে?

(ঝ) 'আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান'— 'আমানি' কী?

(ঞ) 'কার সঙ্গে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রাতা'— 'রাতা' শব্দের অর্থ কী?

(ট) শাক্ত পদাবলীর কবি রামপ্রসাদ সেন-এর সময়কাল উল্লেখ করো।

(ঠ) কমলাকান্ত ভট্টাচার্য কোন রাজার সভাকবি ছিলেন?

(ড) 'সতিনী সরলা নহে'— সতিনীর নাম কী?

(ঢ) 'মাগো তারা ও শঙ্করি'— কোন পর্যায়ের পদ?

(ণ) 'আমি কি দুখেরে ডরাই?'— পদকর্তার নাম উল্লেখ করো।

---